

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক, ফরিদপুর

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

www.faridpur.gov.bd

নথি নম্বর ০৫.১২.২৯০০.০২২.২৯.০৬.০০৫.২৫-০০৪

তারিখ

২৬ অগ্রহায়ণ ১৪৩২

১১ ডিসেম্বর ২০২৫

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোহাম্মদ কামরুল কামরুল মোল্যা, জেলা প্রশাসক, ফরিদপুর ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১১ ডিসেম্বর ২০২৫/১২ অগ্রহায়ণ ১৪৩২ তারিখে ১৭.০০.০০০০.০৩৪.০৬.০০৯.২৫- ৩৬৭ নং জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

(১)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৪ পৌষ ১৪৩২ ২৯ ডিসেম্বর ২০২৫	সোমবার
(২)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের শেষ তারিখ	:	১৯ পৌষ ১৪৩২ ০৩ জানুয়ারি ২০২৬	শনিবার
(৩)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২১-২৭ পৌষ ১৪৩২ ০৫-১১ জানুয়ারি ২০২৬	সোমবার- রবিবার
(৪)	আপিল নিষ্পত্তি	:	২৮ পৌষ-০৪ মাঘ ১৪৩২ ১২-১৮ জানুয়ারি ২০২৬	সোমবার- রবিবার
(৫)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৬ মাঘ ১৪৩২ ২০ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার
(৬)	প্রতীক বরাদ্দ	:	০৭ মাঘ ১৪৩২ ২১ জানুয়ারি ২০২৬	বুধবার
(৭)	ভোটগ্রহণের তারিখ	:	২৯ মাঘ ১৪৩২ ১২ ফেব্রুয়ারি ২০২৬	বৃহস্পতিবার

আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭.৩০ ঘটিকা হতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

(২) পূর্বেলিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ২১৪ ফরিদপুর-৪ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৯ ডিসেম্বর ২০২৫/১৪ পৌষ ১৪৩২ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯.০০টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারগণের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাংগা/চরভদ্রাসন/সদরপুর, ফরিদপুর) মনোনয়নপত্র গৃহীত হবে।

তারিখ : ১ ১ দিন ১ ২ মাস ২ ০ ২ ৫ বৎসর

১১.১২.২০২৫
(মোহাম্মদ কামরুল হাসান মোল্যা)
জেলা প্রশাসক, ফরিদপুর
ও
রিটার্নিং অফিসার
নির্বাচনী এলাকা ২১৪ ফরিদপুর-৪
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬
Email:dcfaridpur@mopa.gov.bd
তারিখ ২৬ অগ্রহায়ণ ১৪৩২
১১ ডিসেম্বর ২০২৫

নথি নম্বর ০৫.১২.২৯০০.০২২.২৯.০৬.০০৫.২৫-০০৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। পুলিশ সুপার, ফরিদপুর।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
- ৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ফরিদপুর।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ভাংগা/চরভদ্রাসন/সদরপুর, ফরিদপুর (গণ-বিজ্ঞপ্তি তীর উপজেলায় বহল প্রচারের জন্য)।
- ৭। কোম্পানী অধিনায়ক, র‍্যাং-১০, ফরিদপুর, সিপিএ-৩।
- ৮। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, ফরিদপুর
- ৯। সিনিয়র জেলা তথ্য অফিসার, ফরিদপুর (গণ-বিজ্ঞপ্তি বহল প্রচারের অনুরোধসহ)
- ১০। উপজেলা নির্বাচন অফিসার, ভাংগা/চরভদ্রাসন/সদরপুর, ফরিদপুর
- ১১। অফিসার ইনচার্জ, ভাংগা/চরভদ্রাসন/সদরপুর থানা, ফরিদপুর
- ১২। সভাপতি/সাধারণ সম্পাদক.....প্রেস ক্লাব, ফরিদপুর

১১.১২.২০২৫
জেলা প্রশাসক, ফরিদপুর
ও
রিটার্নিং অফিসার
২১৪ ফরিদপুর-৪
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬